



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৩২.১৮-৩২৬

তারিখ: ১১.১০.২০১৮খ্রি:

বিষয়: নওগাঁ জেলার ধামইরহাট উপজেলাধীন গাংরা ইসলামিয়া বহুমুখী মহিলা আলিম মাদ্রাসায় (আলিম স্তর এমপিওভুক্ত নয়) কর্মরত অধ্যক্ষ জনাব মো: মিজানুর রহমানের বেতন গ্রেড ৮ম হতে ৭ম গ্রেডে উন্নীতকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ এর আবেদন

তারিখ: ০৮.০৯.২০১৭ খ্রি:

(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-ওএম/২২৩/বিঃ/০৮/৮২৫৫/৭-বিশেষ

তারিখ: ২২.১২.২০১০ খ্রি:

(৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-ওবি/৩৮/বিঃ/২০১২/১৪৯৬

তারিখ: ১৩.০২.২০১৩ খ্রি:

(৪) বর্ণিত মাদ্রাসার মে/২০০২ হতে ০৬.০৭.২০০২ খ্রি. তারিখ পর্যন্ত বেতন বিলের কপি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার ধামইরহাট উপজেলাধীন গাংরা ইসলামিয়া বহুমুখী মহিলা আলিম মাদ্রাসায় (আলিম স্তর এমপিওভুক্ত নয়) কর্মরত অধ্যক্ষ জনাব মো: মিজানুর রহমান মে/২০০২ মাসে ১০ম গ্রেডে এমপিওভুক্ত হয় মর্মে সূত্রে বর্ণিত ০২ ও ০৪ নং স্মারকের মাধ্যমে জানা যায়।

০২. সূত্রে বর্ণিত ০৩ নং স্মারকের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বর্ণিত মাদ্রাসার প্রতিষ্ঠাকালীন সুপার জনাব মো: মিজানুর রহমানের সুপার পদে কাম্য অভিজ্ঞতা না থাকায় বিধি মোতাবেক ০১ খাপ নীচে অর্থাৎ তাঁর (মো: মিজানুর রহমান) বেতন গ্রেড ৮ম অনুযায়ী বেতন ভাতাদি (এমপিও) প্রদানের জন্য নির্দেশ দেয়া হয়। সে মোতাবেক তিনি সেপ্টেম্বর/২০১০ থেকে ৮ম গ্রেডে বেতন ভাতাদি (এমপিও) প্রাপ্ত হন।

০৩. উপরে বর্ণিত স্মারক সমূহ পর্যালোচনায় দেখা যায় যে, সুপার জনাব মো: মিজানুর রহমান মে/২০০২ মাস থেকে ১০ম গ্রেডে এমপিওভুক্ত হওয়ায় ইতোমধ্যে তাঁর এমপিওভুক্তি হতে অভিজ্ঞতার সময়কাল প্রায় ১৬ বছর হয়েছে।

০৪. ০৪.০২.২০১০ খ্রি. তারিখে জারিকৃত জনবল কাঠামো (যা ২৪.০৩.২০১৩খ্রি. তারিখে সংশোধিত) অনুযায়ী সুপারের অভিজ্ঞতা ধার্য করা হয়েছে নিম্নরূপ:

“দাখিল স্তরের শিক্ষকতায় ১০ বছর অভিজ্ঞতা”

০৫. উল্লেখ্য যে, ০৪.০২.২০১০ খ্রি. তারিখে জারিকৃত জনবল কাঠামো (যা ২৪.০৩.২০১৩খ্রি. তারিখে সংশোধিত) অনুযায়ী কাম্য অভিজ্ঞতাপূর্ণ সুপারের বেতন গ্রেড ০৭।

০৬. এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে নওগাঁ জেলার ধামইরহাট উপজেলাধীন গাংরা ইসলামিয়া বহুমুখী মহিলা আলিম মাদ্রাসায় (আলিম স্তর এমপিওভুক্ত নয়) কর্মরত অধ্যক্ষ জনাব মো: মিজানুর রহমানের বেতন গ্রেড ৮ম হতে ৭ম গ্রেডে উন্নীতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।

11.10.18
নাজনীন সুলতানা

সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি :

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।

০২. জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।

০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ধামইরহাট, নওগাঁ।

০৪. সুপার, গাংরা ইসলামিয়া বহুমুখী মহিলা আলিম মাদ্রাসা, ডাক: রঘুনাথপুর, উপজেলা: ধামইরহাট, জেলা: নওগাঁ।

০৫. অফিস কপি।